ভবিষ্যৎ সংসদে পরিবর্তন দেখাতে চায় বিএনপি: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

বিএনপি সংসদের পুরনো খারাপ অভ্যাস থেকে বেরিয়ে এসে নতুন সংস্কৃতি গড়ে তুলতে চায় বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী ও দলের স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, ২৯৬ গেজেটেড সংসদ সদস্যের মধ্যে এবার ২১৯ জন নতুন, তবে বিএনপির অংশগ্রহণের সংখ্যা এখনো সঠিকভাবে নির্ধারিত হয়নি।

শনিবার (৭ মার্চ) ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনকে সামনে রেখে বিএনপি সংসদ সদস্যদের জন্য আয়োজিত প্রশিক্ষণ কর্মশালার দ্বিতীয় দিনে তিনি এসব কথা বলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, “নতুন সদস্যদের যেন সংসদে যথাযথ ভূমিকা পালন করতে হয়, সেই লক্ষ্যেই আমরা দলের অভ্যন্তরে আলাপ-আলোচনা করেছি। নিজেদের মধ্যে শিখছি এবং অভ্যাস তৈরি করছি।”

তিনি আরও জানান, রুলস অব প্রসিডিউর, পার্লামেন্টারি প্র্যাকটিস এবং কনফ্লিক্ট অব ইন্টারেস্টসহ সংসদের বিভিন্ন রীতিনীতি ও প্রথা নিয়ে দলের সদস্যরা আলোচনা করেছেন। বিশেষভাবে সংবিধান, হাউসের কাস্টমস কনভেনশন এবং অন্যান্য নিয়মাবলি শেখার বিষয়টিও কর্মশালার অংশ ছিল।

সালাহউদ্দিন আহমদ আশা প্রকাশ করেন, “আমাদের ভবিষ্যৎ সংসদ সেশন জাতির কাছে নতুন এক বিশ্বাস ও আশ্বাসের প্রতীক হয়ে দাঁড়াবে। এই ধরনের সংসদ তারা দীর্ঘদিন ধরে দেখতে চেয়েছিলেন।”